

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্রজ্ঞাপন

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩/১০ সেপ্টেম্বর ২০২৬

নং ০৩.০০.০০০০.০০০.০৭৩.৯৯.০০০১.২৬-১৬৪—জাতীয় লজিস্টিকস উন্নয়ন ও সমন্বয় কমিটি'র (এনএলডিসিসি) ৩য় সভার সিদ্ধান্ত মোতাবেক 'লজিস্টিকস ইনভেস্টমেন্ট ওয়ার্কিং গ্রুপ' নিম্নোক্তভাবে গঠন করা হলো:

- | | | |
|---|---|---------|
| ১. নির্বাহী সদস্য, ইনভেস্ট বাংলাদেশ | : | আহবায়ক |
| ২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি | : | সদস্য |
| ৩. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক মনোনীত যুগ্মসচিবের নিম্নে নয় এমন প্রতিনিধি | : | সদস্য |
| ৪. সচিব, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিবের নিম্নে নয় এমন প্রতিনিধি | : | সদস্য |
| ৫. সচিব, শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিবের নিম্নে নয় এমন প্রতিনিধি | : | সদস্য |
| ৬. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি | : | সদস্য |
| ৭. চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি | : | সদস্য |

(২৫০৬৩)

মূল্য : টাকা ৪০০০

৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড : সদস্য
লিমিটেড (বিআইএফএফএল)
৯. পরিচালক, লজিস্টিকস পলিসি বাস্তবায়ন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয় : সদস্য
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট : সদস্য
১১. সভাপতি, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো অ্যাসোসিয়েশন : সদস্য
১২. সভাপতি, ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ : সদস্য
১৩. মহাপরিচালক (বিনিয়োগ প্রমোশন), ইনভেস্ট বাংলাদেশ : সদস্য-সচিব

২। কমিটির কার্যপরিধি

১. লজিস্টিকস খাতে দেশি ও বিদেশি বিনিয়োগ সম্ভাবনা এবং প্রধান বিনিয়োগ প্রতিবন্ধকতা চিহ্নিতকরণ এবং বিনিয়োগ প্রক্রিয়া সহজীকরণ সংক্রান্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন;
২. লজিস্টিকস উপখাতভিত্তিক বিনিয়োগ চাহিদা, প্রকল্পের ধরন, বিনিয়োগের পরিমাণ ও সম্ভাব্য কর্মসংস্থান নিরূপণ;
৩. সরকারি, বেসরকারি এবং পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (PPP) বিনিয়োগের উপযোগী প্রকল্প পৃথকীকরণ;
৪. ওয়ারাহাউস, ইনল্যান্ড কন্টেইনার ডিপো/কন্টেইনার ফ্রেইট স্টেশন (ICD/CFS), অফ-ডক, তাপমাত্রা নিয়ন্ত্রিত লজিস্টিকস, আধুনিক পরিবহন, ডিজিটাল প্ল্যাটফর্ম এবং ই-কমার্স ডেলিভারি নেটওয়ার্কে বিনিয়োগ প্রস্তাব প্রস্তুত;
৫. অগ্রাধিকারভিত্তিক পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (PPP) প্রকল্প তালিকা এবং প্রকল্প প্রস্তুতির মানসম্মত কাঠামো প্রণয়ন;
৬. ভায়াবিলিটি গ্যাপ ফান্ডিং (VGF), কর ও শুল্ক প্রণোদনা, বিনিয়োগ নিরাপত্তা এবং অ-আর্থিক সহায়তার প্রয়োজনীয়তা মূল্যায়ন;
৭. বিনিয়োগ অনুমোদন, লাইসেন্স, ভূমি, ইউটিলিটি ও অন্যান্য সেবা সহজীকরণের প্রস্তাব প্রণয়ন;
৮. বেসরকারি অপারেটর, লাইসেন্সধারী, ইজারাগ্রহীতা ও PPP অংশীদারদের জন্য সেবার মান, কেপিআই (KPI) ও জবাবদিহির কাঠামো নির্ধারণ;
৯. সরকারি কর্তৃপক্ষ ও বেসরকারি অংশীজনের মধ্যে বিরোধ বা সমস্যা ঘাটতি নিষ্পত্তির প্রাতিষ্ঠানিক ব্যবস্থা সুপারিশ;
১০. বিনিয়োগকারীদের জন্য লজিস্টিকস খাতভিত্তিক তথ্যভান্ডার ও প্রকল্প প্রোফাইল প্রস্তুত;
১১. জাতীয় লজিস্টিকস বিনিয়োগ নির্দেশিকার খসড়া প্রণয়ন;

১২. ‘জাতীয় লজিস্টিকস নীতি, ২০২৫’ বাস্তবায়নে ‘এনসিএলডি’ ও ‘এনএলডিসিসি’-কর্তৃক গৃহীত সিদ্ধান্ত কার্যকরীকরণে সহযোগিতা; এবং
 ১৩. কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে এবং ‘এনএলডিসিসি’ এর অনুমোদনক্রমে বর্ণিত কার্যপরিধি হালনাগাদ করতে পারবে।
- ০৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কে এম আলমগীর কবীর
পরিচালক-৬।